

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৮১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. তৃতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

আরবী

বাংলা

১১৮১-[২৩] মারসাদ ইবনু 'আবদুল্লাহ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি একবার 'উরুবাহ্ আল জুহানী (রাঃ)-এর নিকট হাযির হয়ে বললাম। আমি কি আপনাকে আবূ তামীম আদ্ দারীর (তাবি'ঈ) একটি বিস্ময়কর ঘটনা শুনাব না? তিনি (আবূ তামীম আদ্ দারী) মাগরিবের সালাতের পূর্বে দু' রাক্'আত নফল সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেন। তখন 'উরুবাহ্ বললেন, এ সালাত (সালাত/নামায/নামাজ) তো আমরা রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর যামানায় আদায় করতাম। তখন তিনি বললেন, তাহলে এ সালাত এখন আদায় করতে আপনাদেরকে বাধা দিচ্ছে কে? জবাবে তিনি বললেন (দুনিয়ার) কর্মব্যস্ততায়। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ১১৮৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (اللهِ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ अगरा कर्त्राचा । অর্থাৎ তাঁর সময়ে তাঁর উপস্থিতিতে আমরা এ দু' রাক্'আত সালাত আদায় করতাম। এ হাদীসটি মাগরিবের পূর্বে দু' রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা বিধিসম্মত হওয়ার একটি দলীল। এ হাদীস আবূ বাকর ইবনুল 'আরাবীর এ দাবীকে প্রত্যাখ্যান করে যে, সাহাবীদের পরে আর কেউ এ সালাত আদায় করতেন না। কেননা আবূ তামীম 'আবদুল্লাহ ইবনু মালিক প্রখ্যাত তাবি'ঈ। যিনি তার উপনাম আবূ তামীম হিসেবেই প্রসিদ্ধ। তিনি এ দু' রাক্'আত আদায় করতেন।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন